দৈ নিক সংবাদ

তারিখ ... 04-JUL 1998 ...
পৃষ্ঠা ... কলাম ... 2 ...

# বিজিএমইএ নিচ্ছে 'কাজ ও শিক্ষা' কর্মসূচি

।। হকিকত জাহান হকি ।।

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) তাদের স্কুলের ১৪ বছরের বেশি বয়সের ছাত্র-ছাত্রীদের জন্য 'কাজ ও শিক্ষা' সংক্রান্ত বিশেষ কর্মসূচি হাতে নিয়েছে।

গত ৩ বছরে বিজিএমইএ পরিচালিত ৩শ' ৫৩টি প্রাথমিক স্কুলের দেড়শ' ছাত্রছাত্রীকে নয়া কর্মসূচি অনুযায়ী কাজের পাশাপাশি শিক্ষা গ্রহণের সুযোগ করে দেয়া হচ্ছে। ১৪ বছরের বেশি বয়সী দেড়শ' ছাত্রছাত্রী এই কর্মসূচির আওতায় একই স্কুলের ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি হবে। কর্মসূচি বাস্তবায়নে বিজিএমইএ দাতা সংস্থার কাছে আর্থিক সহায়তা চাইবে। তবে এই কর্মসূচি প্রাথমিক পর্যায়ে চলবে বিজিএমইএ'র অর্থায়নে।

ইউনিসেফ, আইএলও, বিজিএমইএ'র যৌথ অর্থায়নে গার্মেন্টস শিল্পের শিশু শ্রমিকদের প্রাথমিক স্কুলের কার্যক্রম শুরু হয় ১৯৯৫'র ৪ঠা জুলাই থেকে।